

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৮৮: ছাহাবায়ে কেরাম (রাদিয়াল্লাহু 'আনহুম)-এর প্রতি আমাদের কর্তব্য কি? তাঁদের কাউকে গালি দেওয়ার হুকুম কি?

সকল সাহাবীকে ভালবাসতে হবে, তাঁদের প্রতি সম্মান প্রদর্শন করতে হবে এবং তাঁদের প্রতি সম্ভুষ্ট থাকতে হবে। কেননা মহান আল্লাহ তাঁদের সকলের প্রতি সম্ভুষ্ট হয়েছেন; তাঁদের কাউকেই তিনি তাঁর সম্ভুষ্টি থেকে বাদ দেন নি। এরশাদ হচ্ছে,

"আল্লাহ তাঁদের প্রতি সম্ভষ্ট হয়েছেন এবং তাঁরাও তাঁর প্রতি সম্ভষ্ট হয়েছেন" (মুজাদালাহ ২২)।

অনুরূপভাবে রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রীগণকে ভালবাসতে হবে এবং সম্মান করতে হবে। মনে রাখতে হবে, তাঁদের কাউকে গালি দেওয়া সম্পূর্ণ হারাম এবং কাবীরা গোনাহ। রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রীগণ মুমিনদের মাতা। মহান আল্লাহ বলেন,

"তাঁর স্ত্রীগণ তাদের মা" (আহ্যাব ৬)। আয়াতে স্পষ্ট বলা হয়েছে যে, রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর সকল স্ত্রী মুমিনদের মাতা; তাঁদের কাউকে এই হুকুম থেকে বাদ দেওয়া হয় নি। ছাহাবায়ে কেরাম (রাদিয়াল্লাহু 'আনহুম) কে গালি দেওয়া প্রসঙ্গে আবূ সাঈদ খুদরী (রাদিয়াল্লাহু 'আনহু) বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন,

"তোমরা আমার সাহাবীগণকে গালি দিওনা। কেননা তোমাদের কেউ যদি উহুদ পাহাড় পরিমাণ স্বর্ণ আল্লাহ্র রাস্তায় ব্যয় করে, তথাপিও সে তাঁদের কোনো একজনের পূর্ণ এক মুদ্দ([1]) বা অর্ধ মুদ্দ দান সমপরিমাণ পর্যন্তও পৌঁছতে পারবে না" (বুখারী ও মুসলিম)।

ফুটনোট

([1]) 'মুদ্দ' হল এক 'সা'-এর চার ভাগের এক ভাগ । অর্থাৎ চার মুদ্দে হয় এক 'ছা'। গ্রামের হিসাবে প্রায় ৬২৫ গ্রাম। -অনুবাদক

তবে সম্ভবত, বেশি বিশুদ্ধ মত হচ্ছে, এক মুদ বর্তমান ওজনে ৫১০ গ্রাম পরিমান। -সম্পাদক।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=1572

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন